ইত্তেফাক

006

তারিখ ... ১৪।১১।৮৩ ... ... ...
পৃষ্ঠা ... ... ১১ ... কলাম ... ১ ... ...

# ঢাকা মেডিক্যাল কলেজের ডিগ্রীর প্রতি যুক্তরাজ্যের স্বীকৃতি

(ইত্তেফাক রিপোর্ট)

বৃটেনের জেনারেল মেডিক্যাল কাউন্সিলের বৈদেশিক বিষয়ক কমিটি ১লা নভেম্বরের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ঢাকা মেডিক্যাল কলেজের এমবিবিএস ডিগ্রীকে যুক্তরাজ্যে সীমিত রেজিষ্ট্রেশনের জন্য গ্রহণযোগ্য বলিয়া স্বীকৃতি দিয়াছে। এ বৎসর পরে

(৮ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## যুক্তরাজ্যের স্বীকৃতি

(১ম পৃঃ পর)

নির্ধারিতব্য কোন তারিখ হইতে এ সিদ্ধান্ত কার্যকর হইবে বলিয়া ঢাকাস্থ বৃটিশ হাইকমিশনের তথ্যশাখার ঘোষণায় জানানো হয়। বৃটিশ কাউন্সিল বর্তমানে ঢাকা মেডিক্যাল কলেজ ও এডিনবরা বিশ্ববিদ্যালয়ের মধ্যে চিকিৎসাবিষয়ক অধ্যয়নের যোগসূত্র স্থাপনের একটি শিক্ষা কর্মসূচী সাব্যস্ত করিবে।

ঢাকা মেডিক্যাল কলেজের পক্ষ হইতে জানানো হয়, বাংলাদেশে রাণী দ্বিতীয় এলিজাবেথের সফর উপলক্ষে এই স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। মুক্তি যুদ্ধের পর যুক্তরাজ্যের মেডিক্যাল কাউন্সিল এই স্বীকৃতি প্রত্যাহার করিয়াছিল।